SALCO
South Asian Legal Clinic of Ontario

# অস্থায়ী আবাসিক ভিসা (TRV):
# দর্শণার্থী, শিক্ষার্থী এবং কর্মী



## অস্থায়ী আবাসিক ভিসা (TRV) কী?

TRV হলো কানাডীয় ভিসা অফিসের জারি করা এমন একটি দলিল যা অস্থায়ীভাবে কানাডায় আসতে আগ্রহী যেসব ব্যক্তি এখানকার স্থায়ী বাসিন্দা বা নাগরিক নন তাদের দেওয়া হয়। এটি "এন্ট্রি ভিসা" নামেও পরিচিত।

**TRV একক প্রবেশ বা একাধিকবার প্রবেশের জন্য হতে পারে, এবং কয়েক মাস থেকে কয়েক বছরের মধ্যে যে কোনো সময়ের জন্য বৈধ হতে পারে:**

- **একক প্রবেশ:** আপনি শুধুমাত্র একবার কানাডায় প্রবেশ করতে পারবেন এবং কানাডায় আপনার অনুমোদিত অবস্থানের সময়সীমা শেষ হওয়ার আগেই আপনাকে চলে যেতে হবে। আপনি কানাডা ছেড়ে চলে গেলে আপনাকে নতুন ভিসার জন্য আবেদন করতে হবে।
- **একাধিকবার প্রবেশ:** যতদিন ভিসা বৈধ থাকবে ততদিন আপনি কানাডায় যাওয়া আসা করতে পারবেন। আপনি প্রতিবার অল্প সময়ের জন্য কানাডায় থাকতে পারেন (সাধারণত 6 মাস)

**আপনার TRV-এর বৈধতা আর আপনার কানাডায় অবস্থান করার অনুমতি (এটাকে "অনুমোদিত থাকার সময়কাল" বলা হয) একই নয়। আপনি কানাডায় প্রবেশ করতে আপনার TRV ব্যবহার করতে পারেন এবং তারপর:**

- দর্শণার্থী হিসাবে - আপনি অভিবাসন কর্মকর্তার বিশেষভাবে উল্লিখিত (যেমন আপনার পাসপোর্টে স্ট্যাম্প) নির্দিষ্ট সময়ের জন্য থাকার জন্য অনুমতি পাবেন । কিছুই উল্লেখ করা না থাকলে আপনি প্রবেশ করার পর থেকে 6 মাস থাকতে পারবেন

SALCO
South Asian Legal Clinic of Ontario

• শিক্ষার্থী/বিদেশি কর্মী হিসাবে - আপনি আপনার স্টাডি বা ওয়ার্ক পারমিটে উল্লিখিত সময়ের জন্য থাকতে পারবেন

## উদাহরণ:

আপনার কাছে একাধিকবার প্রবেশের ভিসা রয়েছে যেটির মেয়াদ 10 বছর। আপনি যখন কানাডায় প্রবেশ করেন, তখন কর্মকর্তা আপনাকে 6 মাসের জন্য অবস্থান করার অনুমতি প্রদান করেন। এর অর্থ হলো 6 মাস শেষ হওয়ার আগে আপনাকে অবশ্যই কানাডা ছেড়ে যেতে হবে, তবে আপনি TRV (যেটাকে কখনো কখনো "এন্ট্রি ভিসা" বলা হয়) এর জন্য পুনরায় আবেদন না করেই আরও 6 মাসের জন্য ফিরে আসতে পারেন। 10 বছর শেষ হয়ে গেলে নতুন ভিসার জন্য আবেদন না করলে আপনি আর ফিরে আসতে পারবেন না। এছাড়াও, আপনি একবারে 6 মাসের বেশি কানাডায় অবস্থান করতে চাইলে 6 মাস শেষ হওয়ার আগে আপনাকে অবস্থানের মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করতে হবে।

## কে TRV পাওয়ার জন্য উপযুক্ত?

**TRV পাওয়ার জন্য আপনাকে অবশ্যই দর্শণার্থী, শিক্ষার্থী বা কর্মী বিভাগের আওতায় আবেদন করতে হবে।**

**এছাড়াও আপনাকে অবশ্যই:**

• আপনি যে বিভাগের আওতায় আবেদন করছেন সেটার জন্য আবশ্যিক সমস্ত শর্ত পূরণ করতে হবে

• অভিবাসন কর্মকর্তাকে বোঝাতে হবে যে, কানাডায় আপনার অবস্থান অস্থায়ী (আপনার অবস্থান করার জন্য অনুমোদিত মেয়াদের শেষে আপনাকে কানাডা ত্যাগ করতে হবে)। উদাহরণস্বরূপ, আপনি অভিবাসন কর্মকর্তাকে দেখাতে পারেন যে দেশে আপনার পর্যাপ্ত বন্ধন রয়েছে, যেমন চাকরি, বাড়ি বা পরিবারের সদস্য এবং সেজন্য আপনাকে ফিরে যেতে হবে।

• দেখাতে হবে যে কানাডায় অবস্থান করার জন্য আপনার যথেষ্ট আর্থিক সংস্থান রয়েছে (উদাহরণ: ভ্রমণের জন্য তহবিল, স্কুলের জন্য পর্যাপ্ত অর্থ, আবাসনের জন্য অর্থ, ইত্যাদি)

SALCO
South Asian Legal Clinic of Ontario

- দেখাতে হবে যে রাষ্ট্রের দ্বারা জারি করা ভ্রমণের অনুমতি প্রদানকারী বৈধ পাসপোর্ট বা অন্য ভ্রমণ দলিল রয়েছে
- কানাডায় অগ্রহণযোগ্য নন, মানে আপনার কানাডায় প্রবেশ বা অবস্থান করার ক্ষেত্রে কোনো বাধা নেই। উদাহরণস্বরূপ, আপনি কানাডার নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ হলে, আপনার অপরাধের রেকর্ড থাকলে, আপনার স্বাস্থ্যগত অবস্থা কানাডার স্বাস্থ্যসেবার উপর অত্যধিক চাপ সৃষ্টি করলে বা জনস্বাস্থ্য বা নিরাপত্তার জন্য বিপজ্জনক হলে আপনি কানাডার জন্য অগ্রহণযোগ্য হতে পারেন।

## TRV-ধারী হিসাবে আবশ্যিকভাবে আপনার পূরণীয় শর্তাবলী

- আপনার অবস্থানকাল শেষে আপনাকে অবশ্যই চলে যেতে হবে
- আপনি আইনি অনুমোদন ছাড়া কানাডায় কাজ বা পড়াশোনা করতে পারবেন না

## ডাক্তারি পরীক্ষা

আপনার স্বাস্থ্যগত অবস্থা মূল্যায়নের জন্য আপনাকে ডাক্তারি পরীক্ষা সম্পন্ন করতে হতে পারে। আপনি কোন ধরনের পারমিটের জন্য আবেদন করছেন, কানাডায় কত সময় থাকতে চান এবং আপনি কোন দেশ থেকে আবেদন করছেন সেসবের উপর ভিত্তি করে এটা নির্ধারণ করা হবে।

## কিভাবে আবেদন করবেন:

- আপনি দর্শণার্থী হিসাবে কানাডায় আসলে আপনাকে অস্থায়ী আবাসিক ভিসার জন্য আবেদন জমা দিতে হবে
- আপনি শিক্ষার্থী বা কর্মী হিসেবে আসলে আপনাকে স্টাডি বা ওয়ার্ক পারমিটের জন্য আবেদন জমা দিতে হবে। TRV-এর জন্য আপনাকে আলাদাভাবে আবেদন করতে হবে না। আপনি স্টাডি বা ওয়ার্ক পারমিট পেলে সংশ্লিষ্ট কর্মকর্তা একই সাথে একটি TRV জারি করবেন

• আপনি কানাডায় স্টাডি বা ওয়ার্ক পারমিট নিয়ে আসলে এবং আপনার TRV-এর মেয়াদ শেষ হয়ে গেলে/মেয়াদ শেষ হওয়ার পথে থাকলে আপনি কানাডার মধ্য থেকে TRV-এর জন্য আবেদন করতে পারবেন। আপনাকে আপনার অনলাইন IRCC অ্যাকাউন্টে যেতে হবে এবং অস্থায়ী আবাসিক ভিসার আবেদন নির্বাচন করতে হবে

• আপনি স্টাডি বা ওয়ার্ক পারমিট নিয়ে আসলে এবং কানাডার বাইরে অবস্থান করার সময় আপনার TRV-এর মেয়াদ শেষ হয়ে গেলে (উদাহরণস্বরূপ, পরিবারের সাথে দেখা করতে দেশে গেলে) আপনাকে ফিরে আসার জন্য কানাডার বাইরে থেকে ভিজিটর ভিসার জন্য আবেদন করার প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

আবেদন অবশ্যই অনলাইনে জমা দিতে হবে, তবে কিছু ব্যতিক্রম রয়েছে যেক্ষেত্রে আপনি কাগজে-কলমে আবেদন করতে পারবেন। আপনাকে IRCC-এর ওয়েবসাইট থেকে ফর্মসমূহ সংগ্রহ করতে হবে। আবেদনের সাথে প্রয়োজনীয় সঠিক ফর্ম এবং দলিলাদি প্রদান নিশ্চিত করতে সেখানে একটি প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা বা চেকলিস্টও রয়েছে।

## আবেদন ফী

• $১০০ একক ব্যক্তি - একাধিকবার বা একক এন্ট্রি

• পাঁচজন বা তার বেশি সদস্য বিশিষ্ট পরিবারের জন্য সর্বোচ্চ ফী $৫০০ - একক বা একাধিকবার এন্ট্রি

**দ্রষ্টব্য:** আপনি কোনো শিক্ষার্থী বা কর্মী হলে এবং ওয়ার্ক বা স্টাডি পারমিট নিয়ে কানাডায় এসে থাকলে TRV-এর জন্য কোনো অতিরিক্ত ফী প্রদান করতে হবে না।

SALCO
South Asian Legal Clinic of Ontario

## কানাডায় অবস্থানের মেয়াদ বাড়ানো

- আপনি অনুমোদিত সময়ের পরে কানাডায় অবস্থান করলে আপনার আর কোনো ধরনের মর্যাদা থাকবে না।
- আপনি দর্শণার্থী হলে এবং আপনাকে 6 মাস বা ভিন্ন সময়ের জন্য অবস্থান করার অনুমতি দেওয়া হলে (IRCC ভিন্ন কিছু বলে থাকলে) আপনাকে অবশ্যই ভিসার মেয়াদ বাড়াতে হবে। দর্শণার্থীরা তাদের সময় শেষ হওয়ার আগে দর্শণার্থী রেকর্ড বাড়ানোর জন্য আবেদন করে তাদের কানাডায় অবস্থান করার অনুমোদনের মেয়াদ বাড়াতে পারেন।
- আপনি শিক্ষার্থী বা কর্মী হলে আপনার স্টাডি বা ওয়ার্ক পারমিটের মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করে অবস্থানের মেয়াদ বাড়াতে পারেন।

**পুনরুদ্ধার:** সময়মতো অবস্থানের মেয়াদ না বাড়ালেও আপনি আপনার হারানো অভিবাসনগত মর্যাদা ফিরে পেতে পারেন। আপনি অনুমোদিত মেয়াদ ফুরোবার 90 দিনের মধ্যে কানাডার ভিতর থেকে আপনার মর্যাদা পুনরুদ্ধার করার আবেদন করতে পারেন।

## কানাডার মধ্য থেকে TRV প্রাপ্তি

সাধারণত আপনাকে আপনার নিজ দেশ থেকে কানাডায় ভ্রমণ, অধ্যয়ন বা কাজ করার জন্য আবেদন করতে হবে এবং তারপর এখানে অবস্থানকালে আপনি আপনার থাকার মেয়াদ বাড়ানোর জন্য আবেদন করতে পারেন। কিছু ক্ষেত্রে আপনি কোনো অভিবাসনগত মর্যাদা ছাড়াই শুরু করার পরও অভিবাসন আইন আপনাকে অস্থায়ীভাবে কানাডায় অবস্থান এবং কাজ ও পড়াশোনা করার অনুমতি প্রদান করে। উদাহরণস্বরূপ:

SALCO
South Asian Legal Clinic of Ontario

• শরণার্থী হওয়ার দাবিদাররা তাদের আবেদনের বিষয়ে সিদ্ধান্তের জন্য অপেক্ষাকালে কাজ বা অধ্যয়নের অনুমতি পেতে পারেন

• হিংসার পরিস্থিতি ত্যাগ করে আগত ব্যক্তিরা পারিবারিক হিংসার শিকারদের জন্য বিদ্যমান অস্থায়ী আবাসিক পারমিটের (TRP) জন্য আবেদন করতে পারেন

• যেসব আবেদনকারীরা মানবিক ও সহানুভূতিশীল ভিত্তিতে স্থায়ী আবাসের জন্য তাদের আবেদনের প্রথম ধাপে উত্তীর্ণ হয়েছেন ("নীতিগত অনুমোদন" হিসাবে পরিচিত) তারা ওয়ার্ক পারমিটের জন্য আবেদন করতে পারেন।